দৈনিক বাংলা

তারিখ 19 DEC 1991
পৃষ্ঠা ২ কলাম ৪

75

# দুই ছাত্রের পরীক্ষার ফল বাতিল আদেশ বহাল ঃ রীট খারিজ

সুপ্রিমকোর্ট রিপোর্টার ঃ সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগ যশোর শিক্ষা বোর্ড কর্তৃক দু'জন ছাত্রের এসএসসি ও এইচ এসসি পরীক্ষার ফল বাতিল করার আদেশ বহালরেখেছেন।

বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা তার প্রভাব খাটেয়ে পরীক্ষার কেন্দ্র পরিবর্তন করে তার প্রথম পুত্র ১৯৮৮ সালের এইচএসসি

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## দুই ছাত্রের পরীক্ষার

(প্রথম পৃঃ পর)

পরীক্ষার্থী নমিউল আজিমকে নিজ বাড়িতে পরীক্ষা দেবার ব্যবস্থা করেন। ফলে সে ঐ পরীক্ষায় ষষ্ঠ স্থান অধিকার করে উত্তীর্ণ হয়। একইভাবে তিনি দ্বিতীয় ছেলে শফিউল আজিম-এর একই বছরের এস এসসি পরীক্ষা দেবার ব্যবস্থা করলে সে উক্ত পরীক্ষায় প্রথম স্থান দখল করে।

পরীক্ষায় এরকম অসদুপায়ের অভি যোগে যশোর শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ তদন্তের পর উক্ত দু' জন ছাত্রেরই ফল বাতিল করেন। বোর্ড কর্তৃপক্ষের এই সিদ্ধান্তকে বেআইনী ও এখতিয়ারবিহীন দাবী করে বোর্ডের সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে দু'জন পরীক্ষার্থীর পক্ষ থেকে দু'টি রীট আবেদন হাইকোর্ট বিভাগে পেশ করা হয়।

বিচারপতি মোঃ আবদুল জলিল ও বিচারপতি মোঃ বদরুজ্জামানকে নিয়ে গঠিত এক বিশেষ ডিভিশন বেঞ্চ শুনানির পর বুধবার এক রায়ে পরীক্ষার ফল বাতিল করে দেয়া আদেশকে বৈধ ঘোষণা করে দুটোরীটআবেদনই খারিজকরেদেন।

আবেদনকারীদের পক্ষে সিনিয়র এড ভোকেট খন্দকার মাহবুব উদ্দিন আহমদ মামলাটি পরিচালনা করেন।